

76

দৈনিক ইকিতলাব

তারিখ ... 2.0 JUL. 1998 ...

পৃষ্ঠা: ৩০ কলাম ৭.....

### টাঃ বিঃ ছাত্র বেতন ও বিভিন্ন ফি সম্পর্কে কর্তৃপক্ষের বক্তব্য

প্রেস বিজ্ঞপ্তি : গতকাল (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্যবৃন্দ, সকল অনুষদের ডীন, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, হল প্রাধ্যক্ষ এবং প্রক্টর-এর এক সভা অনুষ্ঠিত হয়।

সভা সর্বসম্মতভাবে মনে করে যে, বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মান বজায় রাখতে এবং ছাত্র-ছাত্রীদের সার্বিক কল্যাণে এ বছর বিশ্ববিদ্যালয়ে যে ছাত্র বেতন ও বিবিধ ফি ধার্য করা হয়েছে তা যুক্তিযুক্ত।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র বেতন ও বিবিধ ফি বৃদ্ধি সম্পর্কে বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত সংবাদ থেকে জনমনে সৃষ্ট ভ্রান্ত ধারণা নিরসনকল্পে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক ব্যাখ্যা প্রদান করেছেন। এতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের মাসিক বেতন দীর্ঘদিন যাবত ১২ টাকা ছিল এ বছর তা বাড়িয়ে ২৪ টাকা করা হয়েছে। বাৎসরিক পরীক্ষার ফি মাত্র ২০০ টাকা বাড়ানো হয়েছে। এখন থেকে ছাত্র-ছাত্রীদের বারকোডেড লেমিনেটেড পরিচয়পত্র প্রদান করা হবে। আগামী ৪ বছরের জন্য শিক্ষা উন্নয়ন ফি হিসেবে ৩০০ টাকা ধার্য করা হয়েছে (যা ৪ বছরের জন্য এককালীন প্রদেয়)।

কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদভুক্ত ছাত্র-ছাত্রীদের সর্বমোট বাৎসরিক বেতন ও বিবিধ ফি এ বছর বাড়ানো হয়েছে পূর্বের ২,০২০ টাকা থেকে ২,৭৩০ টাকা অর্থাৎ ৭১০ টাকা (বিজ্ঞান, জীববিজ্ঞান ও ফার্মেসী অনুষদের ক্ষেত্রে ৭৪৬ টাকা)। এই ৭১০ টাকার মধ্যে শিক্ষা উন্নয়ন ফি ৪ বছর মেয়াদী হওয়াতে প্রতি বছরের জন্য এই ফির পরিমাণ দাঁড়াবে ৭৫ টাকা। ফলে প্রকৃতপক্ষে বাৎসরিক সর্বসাকুল্যে বেতন ও বিবিধ ফি বেড়েছে ৪৮৫ টাকা অর্থাৎ মাসে প্রায় ৪০ টাকা।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, প্রদেয় ২,৭৩০ টাকার মধ্যে ২৫০ টাকা ফেরতযোগ্য জামানত হওয়াতে ছাত্র-ছাত্রীদের বেতন ও বিবিধ ফি বাবদ প্রকৃত খরচ হবে বাৎসরিক ২,৪৮০ টাকা। আরও উল্লেখ্য যে, এ বছর বিজনেস স্টাডিজ অনুষদে উপরোল্লিখিত ফি ছাড়া অতিরিক্ত কোন ফি ধার্য করা হয়নি।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মনে করেন যে, শিক্ষার উন্নত মান বজায় রাখার লক্ষ্যে বেতন ও ফি